

প্রথম আলো

• বুধবার, ২২ অক্টোবর ২০২৫, ৬ কার্তিক ১৪৩২

সংক্ষেপে

আলোকিত টিচার্সের সঙ্গে এনএসইউর চুক্তি

আলোকিত টিচার্স লিমিটেড ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ) যুগোপযোগী শিক্ষক প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একসঙ্গে কাজ করতে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এই অংশীদারত্বের লক্ষ্য, এনএসইউর একাডেমিক শ্রেষ্ঠত্ব এবং আলোকিত টিচার্সের উদ্ভাবনী ও গবেষণাভিত্তিক পদ্ধতির মাধ্যমে দক্ষ ও সহানুভূতিশীল শিক্ষক গড়ে তোলা। সমঝোতার অংশ হিসেবে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় তাদের শিক্ষকদের অংশগ্রহণের মাধ্যমে একাডেমিক স্বীকৃতি ও গবেষণা সহায়তা প্রদান করবে এবং আলোকিত টিচার্স পাঠ্যক্রম পরিকল্পনা, শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান ও সারা দেশে শিক্ষক নিয়োগ কার্যক্রম পরিচালনা করবে। এ প্রোগ্রামে অংশগ্রহণকারীরা এনএসইউ-আলোকিত সার্টিফিকেট যৌথ সনদ লাভ করবেন, যা একাডেমিক এক্সিলেন্স ও শ্রেণিকক্ষের বাস্তব অভিজ্ঞতার একটি সমন্বিত স্বীকৃতি হিসেবে কাজ করবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হাম্মান চৌধুরী, শরীফ নুরুল আহকাম, হালিমুর রশিদ খান, সিনথিয়া ম্যাককিনি; আলোকিত টিচার্সের ব্যবস্থাপনা পরিচালক আজওয়া নাঈম, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবু নাঈম মো. শহীদুল্লাহ প্রমুখ। **বিজ্ঞপ্তি**

